

# আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ

# শুভ সকাল



## শিক্ষক পরিচিতি


**দুলাল হালদার**

সহকারি শিক্ষক

২২ নং কুমনা সঃপ্রাঃ বিদ্যালয়

ছাতক,সুনামগঞ্জ।

মোবাইলঃ ০১৭২৫৭২৫১০৭

Email: dhalder785@gmail.com


## পাঠ পরিচিতি

**শ্রেণিঃ প্রথম**

বিষয়: ইসলাম ও নৈতিক শিক্ষা

অধ্যায়ঃ তৃতীয়

পাঠ শিরোনামঃ আখলাক

(নৈতিক গুণাবলি)

পাঠের অংশঃ আল্লাহর সৃষ্টি----আমার বান্দা

সময়: ৪৫ মিনিট

## এ অধ্যায় শেষে শিশুরা যা যা শিখবে-

৩.৬.১- মানুষের মর্যাদা এবং মানবসেবার সুফল বলতে পাড়বে।

৩.৬.২- মানুষের সেবা করবে।


# এসো আমরা কিছু ছবি দেখি






# এসো আমরা আরও কিছু ছবি দেখি









# এসো আমরা আরও কিছু ছবি দেখি






১। আকাশ, চাঁদ, সূর্য, গাছপালা, মানুষ কে সৃষ্টি করেছেন?


আল্লাহ সৃষ্টি করেছেন।

২। গরু-ছাগল, হাঁস-মুরগি, পশু-পাখি কে সৃষ্টি করেছেন?

আল্লাহ সৃষ্টি করেছেন।

আল্লাহর সৃষ্টির মধ্যে মানুষই সবার সেরা। আর এই মানুষকে আল্লাহ সৃষ্টি করেছেন। আমরা তাই মানুষের সেবা করব।

আজ আমরা তোমাদের কাছে
‘মানুষের সেবা’ সম্পর্কে পড়ব।







‘মানুষের সেবা’

# তোমাদের বইয়ের আখলাক পাঠের ৭৭ পৃষ্ঠা বের কর।



দেখলেন। এতে তিনি লোকটির ওপর একটুও রাগ করলেন না। বরং ভাবলেন লোকটি হয়তো কষ্ট পেয়েছে। দুঃখ পেয়েছে। অতপর নিজ হাতে ময়লা বিছানা পানি দিয়ে ধুতে লাগলেন। লোকটির তরবারির কথা মনে পড়লে তরবারি নিতে এসে দেখল যে, দয়াল নবি (স) ময়লা বিছানা পরিষ্কার করছেন।

সে অবাক হলো। সে ভেবেছিল, মহানবি (স) রেগে আছেন। তাকে মারধর করবেন। কিন্তু কী আশ্চর্য। তিনি লোকটিকে দেখে একটুও রাগ করলেন না। তিনি লোকটিকে দেখে খুশি হলেন এবং বললেন— "ভাই, রাতে তোমার খুব কষ্ট হয়েছে। তুমি আমাকে ক্ষমা কর"।

মহানবি (স)—এর এই সুন্দর ব্যবহারে লোকটি মুগ্ধ হলো। খুশি হলো। ইমান আনল। মুসলমান হয়ে গেল।

মেহমানের সাথে ভালো ব্যবহার করলে মেহমান খুশি হয়। মেজবানের সুনাম বাড়ে। মেজবান ও মেহমানের মধ্যে ভালো সম্পর্ক গড়ে ওঠে। আল্লাহ খুশি হন।

আমরা — "মেহমানকে সালাম দেব, বসতে দেব। সম্মান করব, যত্ন নেব। খোঁজ—খবর নেব, সেবা করব। হাসি মুখে কথা বলব, ভালো ব্যবহার করব"।

## মানুষের সেবা

আল্লাহর সৃষ্টির মধ্যে মানুষ সবার সেরা। মানুষ মানুষের ভাই। তারা একে অপরকে সাহায্য করবে। গরিব হলে টাকা—পয়সা দিয়ে সাহায্য করবে। অসুস্থ হলে সেবা করবে। চিকিৎসা করবে। দেখতে যাবে। পিপাসা লাগলে পানি দেবে। ক্ষুধা পেলে খাদ্য দেবে। মানুষের সেবা করা আল্লাহর এবাদত।

আমাদের দয়াল নবি (স) বলেছেন—


ক্ষুধার্তকে খাদ্য দাও,
রোগীর সেবা কর,
বন্দীকে মুক্ত করে দাও।

**পরিকল্পিত কাজ :**

মেহমানের সাথে কিরূপ ব্যবহার করতে হয়? শিক্ষার্থীরা এর একটি তালিকা তৈরি করবে।



ক্ষুধার্তকে সাহায্য করছে



আর্দশ পাঠ

(শিক্ষক কর্তৃক)

# ৭৮ পৃষ্ঠা বের কর





মহানবি (স) আরও বলেছেন, শেষ বিচারের দিন আল্লাহ তায়ালা মানুষকে বলবেন–

আমার ক্ষুধা লেগেছিল, তুমি আমাকে খাবার দাওনি। আমার পানির পিপাসা পেয়েছিল, তুমি আমাকে পানি দাওনি। আমি অসুস্থ ছিলাম, তুমি আমাকে সেবা করনি।

তখন মানুষ বলবে, হে আল্লাহ! এ সব থেকে তুমি তো মুক্ত। এ কী করে সম্ভব?

আল্লাহ বলবেন, তোমার আশেপাশে অনেক লোক অনাহারে ছিল, তুমি তাদের খেতে দাওনি। অনেকে অসুস্থ ছিল, তুমি তাদের সেবা করনি। যদি তুমি তাদের খেতে দিতে, সেবা করতে, সাহায্য করতে, তাহলে তা আমাকেই সেবা করা হত। আমি খুশি হতাম। কারণ, মানুষ তো আমার সৃষ্টি। আমার বান্দা।

মহানবি (স) সবসময় মানুষের সেবা করতেন। তিনি মানুষের সুখ–দুঃখের খোঁজখবর নিতেন। উপকার করতেন। তিনি মুসলিম ও অমুসলিম সবাইকে সেবা করতেন। তাঁর ভীষণ শত্রুকেও তিনি সাহায্য করতেন। সেবা করতেন।

## একটি ঘটনা

এক বুড়ি প্রতিদিন মহানবি (স)–এর চলার পথে কাঁটা দিত। মহানবি (স)–এর পায়ে কাঁটা ফুটলে সে দূর থেকে দেখে হাসত। খুশি হত। হঠাৎ একদিন পথে কাঁটা না দেখে মহানবি (স) খুব চিন্তিত হলেন। তিনি ভাবলেন, বুড়ির অসুখ–বিসুখ হলো কিনা। নিজে তার বাড়িতে গিয়ে খোঁজ নিলেন। দেখলেন, সত্যিই বুড়ি খুব অসুস্থ। দয়াল নবি সেবাযত্ন দিয়ে তাকে সারিয়ে তুললেন। বুড়ি ভালো হয়ে গেল। সুস্থ হলো। সে তার খারাপ কাজের জন্য লজ্জা পেল। অনুতপ্ত হলো। সে আর কোনো দিন পথে কাঁটা দিত না।

মানুষের সেবা করা আল্লাহর এবাদত। মানুষের সেবা করলে মানুষ খুশি হয়। সমাজ সুন্দর হয়। পরিবেশ সুন্দর হয়। সুখ–শান্তি বজায় থাকে। আল্লাহ খুশি হন। জান্নাত পাওয়া যায়।

আমরা–

ক্ষুধার্তকে খাদ্য দেব।
পিপাসা পেলে পানি দেব।
অসুস্থ হলে সেবা করব।
বিপদে পড়লে সাহায্য করব।
গরিব, দুঃখী ও এতিমকে ভালোবাসব।
সকল মানুষকে সেবা করব।

নিরব পাঠ



## একাকী চিন্তা করে বলি

মানুষের সেবা করা কি?




মানুষের সেবা করা আল্লাহর ইবাদত।


কিভাবে মানুষের সেবা করা যায়?
ছবি দেখি ও ভেবে বলি




একে অপরকে সাহায্য করব




গরিব হলে টাকা পয়সা দিব।



বন্দি হলে মুক্ত করে দেওয়ার চেষ্টা করব।




অসুস্থ হলে সেবা করব।



পিপাসা লাগলে পানি দিবে




বৃদ্ধদের সাহায্য করব



ক্ষুধার্ত হলে খাবার দিব




শীতার্ত কে সাহায্য করব


এই সকল ভালো কাজগুলো দয়াল নবি করতেন। মহানবি (স) বলেছেন-

ক্ষুধার্তকে খাদ্য দাও, রোগীর সেবা কর, বন্দীকে মুক্ত করে দাও।

আল্লাহ বলেছেন- আমাদের চারপাশে অনাহারে অর্ধাহারে থাকা অসহায় ,অসুস্থ মানুষদের সেবা করলেই আমার সেবা করা হতো। আমি খুশি হতাম, কারন মানুষ তো আমার সৃস্টি। আমার বান্দা।

# দলীয় কাজ






সময়ঃ ১০ মিনিট

**কিভাবে মানুষের সেবা করা যায় ৫ টি বাক্যে লিখ।**

# মূল্যায়ন ?

## মিল কর



ক) মানুষ মানুষের
খ) মানুষ একে অপরকে
গ) বন্দীকে
ঘ) সৃষ্টির সেরা জীব
ঙ) কেউ অসুস্থ হলে

ফেরেশতা
সেবা করব
মানুষ
সাহায্য করবে
ভাই
মুক্ত করে দাও
মেহমান


সবাইকে ধন্যবাদ



# বাড়ির কাজ



প্রশ্নের উত্তর লিখঃ

১। মানুষের সেবা করা কী?

২। মানুষ অসুস্থ হলে কী করবে?

৩। মানুষ কার বান্দা?

৪। জীবে দয়া করলে আল্লাহ কী হন?

৪। মহানবি (স) মানুষের সেবা সম্পর্কে কী বলেছেন?

# ক্লাসে সহযোগিতা করার জন্য ধন্যবাদ

# **শুভ বিদায়**

